



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.২৮৭

তারিখ: ৬ আশ্বিন ১৪২৮

২১ সেপ্টেম্বর ২০২১

বিষয়: জামালপুর জেলার সিংহজানী এলএসডি-১ এর স্টিল স্ট্রাকচার মেকানিক্যাল ট্রাক স্কেলকে আধুনিকায়নের প্রশাসনিক অনুমোদন ও অর্থ মঞ্জুরী।

সূত্র: জেখানি শেরপুর এর ১৩/০৯/২০২১ খ্রিঃ তারিখের ৮২২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “স্টিল স্ট্রাকচার মেকানিক্যাল ট্রাক স্কেল আধুনিকায়ন” ইনোভেশন আইডিয়াটি কর্মপরিকল্পনা অনুযায়ী পাইলটিং করার জন্য পাইলটিং এলাকা জামালপুর জেলার সদর উপজেলার সিংহজানী এলএসডি-১ এর স্টিল স্ট্রাকচার মেকানিক্যাল ট্রাকস্কেলটি নির্ধারণ করা হয়েছে। প্রস্তাবিত ইনোভেশন আইডিয়াটি পাইলটিং বাস্তবায়নের জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।

২। আইডিয়াটি পাইলটিং বাস্তবায়নে যন্ত্রাংশ ও কার্যসম্পাদনের জন্য মোট ৮,২৬,৮৫০/- (আট লক্ষ ছাব্বিশ হাজার আটশত পঞ্চাশ টাকা মাত্র) টাকার বিভাজন নিম্নরূপঃ

যন্ত্রাংশের ধরণ	সম্ভাব্য মূল্য (টাকা)	প্রয়োজনীয় অর্থ
১. ডিজিটাল কনভার্টিং পার্টস	১,১০,০০০/-	৭,১৯,০০০/-
২. সফটওয়্যার এন্ড হার্ডওয়্যার	১,৩০,০০০/-	(সাত লক্ষ উনিশ হাজার টাকা মাত্র)
৩. মেকানিক্যাল পার্টস	৩,৭০,০০০/-	
৪. অন্যান্য (স্থাপনা মেরামত ও রক্ষণাবেক্ষণ)	১,১৬,০০০/-	
মোট প্রয়োজনীয় অর্থ (১৫% ভ্যাট সহ)		৮,২৬,৮৫০/- (আট লক্ষ ছাব্বিশ হাজার আটশত পঞ্চাশ টাকা মাত্র)

আইডিয়াটির বিস্তারিত বিবরণ (ইনোভেশন ছক) ও কর্মপরিকল্পনা সংযুক্ত করা হলো।

ইনোভেশন আইডিয়াটি পাইলট আকারে বাস্তবায়নের ব্যয় নির্বাহের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৬/০৮/২০১৫ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৩৫১(১) নং স্মারকে প্রদত্ত ক্ষমতা বলে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের প্রেক্ষিতে আইডিয়া বাস্তবায়নকারী কর্মকর্তা জেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর দপ্তরের অনুকূলে ৮,২৬,৮৫০/- (আট লক্ষ ছাব্বিশ হাজার আটশত পঞ্চাশ টাকা মাত্র) টাকার আর্থিক মঞ্জুরি প্রদান করা হলো।

উক্ত টাকা চলতি ২০২১-২০২২ অর্থ-বছরের প্রাতিষ্ঠানিক ও অর্থনৈতিক কোড নং- ১৪৮০২০১১৩০২২০-৩২৫৭১০৫ উদ্ভাবন ব্যয় খাত হতে মিটানো হবে। মঞ্জুরিকৃত টাকার আর্থিক বরাদ্দপত্র পরিচালক, হিসাব ও অর্থ জারি করবেন। উক্ত মঞ্জুরিকৃত টাকা সংশ্লিষ্ট দপ্তর প্রধান জেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর (ডিডিও) আয়ন-ব্যয়ন করবেন এবং সরকারি প্রচলিত বিধি-বিধান প্রতিপালনপূর্বক ব্যয় নির্বাহ করবেন। এতদসংক্রান্ত যাবতীয় বিল ভাউচার ও রেজিস্ট্রার যথাযথভাবে সংরক্ষণ

করবেন। একই সাথে পাইলটিং কার্যক্রমের অগ্রগতি নিয়মিতভাবে খাদ্য অধিদপ্তরে প্রেরণ করবেন।

এতে মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর এর অনুমোদন রয়েছে।



২১-৯-২০২১

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট

ফোন: +৮৮-০২-৪৭১১০৬৯৮

ইমেইল: [sys@dgfood.gov.bd](mailto:sys@dgfood.gov.bd)

চিফ একাউন্টস, এন্ড ফিন্যান্স অফিসার

খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.২৮৭/১(৮)

তারিখ: ৬ আশ্বিন ১৪২৮

২১ সেপ্টেম্বর ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
- ৩) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শেরপুর [পাইলটিং কার্যক্রমের অগ্রগতি নিয়মিতভাবে খাদ্য অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো]
- ৮) অফিস কপি, মাস্টার কপি।



২১-৯-২০২১

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট